তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা
مدرسة تعمير الملة الكامل
TA'MIRUL MILLAT KAMIL MADRASAH
EIIN: 109006, কেন্দ্র কোড: ১৩০, মাদ্রাসা কোড: ১১২৪৬, মোবাইল: ০১৩০৯-১০৯০০৬
গাজীপুরা, এরশাদনগর, টঙ্গী, গাজীপুর-১৭১২
"একটি আধুনিক আবাসিক/অনাবাসিক দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান"

স্মারক নং:

তারিখ: ২৮/০৮/২০২৫

# ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আলিম ১ম বর্ষ ভর্তি সংক্রান্ত নির্দেশনা

**Hotline : 09617880099**

১. ১ম, ২য় ও ৩য় পর্যায়ে নির্বাচিত ও www.xiclassadmission.gov.bd এর মাধ্যমে রেজিস্ট্রেশন/নিশ্চায়ন ফি প্রদানকারী শিক্ষার্থীরা www.tmt.edu.bd থেকে পূরণকৃত Viva ভর্তি ফরম ও শিক্ষার্থী অঙ্গীকারনামা প্রিন্ট করে সাক্ষাৎকারের সময় সাথে আনতে হবে।

২. সাক্ষাৎকারের সময়সূচী : ২৩ আগস্ট হতে ১২ সেপ্টেম্বর ২০২৫ (শুক্র-শনিবার বাদে), প্রতিদিন সকাল ৭টা-সন্ধ্যা ৬টা; (বিরতি: দুপুর ১টা-৩টা পর্যন্ত)। স্থান: প্রশাসনিক ভবন, ভর্তি বিভাগ, কক্ষ ১০২।

৩. সাক্ষাৎকারের পর শিক্ষার্থীদেরকে ১২ সেপ্টেম্বর ২০২৫ এর মধ্যে **www.tmt.edu.bd** ওয়েবসাইটে **Alim Admission 2025-26** ফরম আপডেট ও ভর্তি ফি পরিশোধ করে চূড়ান্তভাবে ভর্তি নিশ্চিত করতে হবে।

৪. ১৩ সেপ্টেম্বর ২০২৫ইং তারিখ, শনিবার সকাল ৯:০০টায় সবক প্রদান ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

৫. তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা ছাত্রাবাস (হোস্টেল) শিক্ষার্থী ভর্তি পরীক্ষা (লিখিত ও মৌখিক) আগামী ১৩ সেপ্টেম্বর ২০২৫ (শনিবার), বিকাল ৩.০০টায় একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে। অবশ্যই মাদরাসার একাডেমিক ভর্তির মানি রিসিট সাথে নিয়ে আসতে হবে।

৬. ভর্তি ফরমে টুপি-পাঞ্জাবি পরিহিত (ছেলেদের) এবং মুখ খোলা বোরকা পরিহিত (মেয়েদের) ছবি আপলোড করতে হবে। ছবি আপলোডের সময় ব্যাকগ্রাউন্ড নীল রঙের হতে হবে।

৭. শিক্ষার্থীর জন্ম তারিখ, নাম, পিতা ও মাতার নামের বানান দাখিল পরীক্ষার প্রবেশপত্র অনুযায়ী সঠিক হতে হবে। কোনো প্রকার অসঙ্গতি থাকলে এর দায় শিক্ষার্থীকে বহন করতে হবে।

৮. পিতা, মাতা, শিক্ষার্থী এবং এসএমএস কন্টাক্ট এর মোবাইল নম্বরসমূহ অবশ্যই পরিবারের সদস্যদের জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে নিবন্ধিত ও সচল হতে হবে।

৯. www.xiclassadmission.gov.bd এ যে Group (Science/General) এ আবেদন করা হয়েছে অবশ্যই www.tmt.edu.bd এর ভর্তি ফরমে একই Group (Science/General) উল্লেখ করে ভর্তি ফরম পূরণ করতে হবে।

১০. ভর্তি ফরম পূরণের ক্ষেত্রে অভিভাবকের সাথে পরামর্শের আলোকে আলিম সাধারণ বিভাগের শিক্ষার্থীদের নিম্নোক্ত দুটি বিষয়ের মধ্যে যে কোন একটি বিষয় **Additional (4th)** হিসেবে ভর্তি ফরমে নির্বাচন করতে হবে।

(১) (অর্থনীতি, কোড: ২১৩ ও ২১৪)

(২) (পৌরনীতি ও সুশাসন, কোড: ২৪১ ও ২৪২)

আলিম বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের নিম্নোক্ত দুটি বিষয়ের মধ্যে যে কোন একটি **Optional** অপরটি **Additional (4th)** বিষয় হিসেবে নির্বাচন করতে হবে।

(১) (উচ্চতর গণিত, কোড: ২২৮-২২৯)

(২) (জীব বিজ্ঞান, কোড: ২৩০-২৩১)

নোট : নির্বাচিত বিষয়সমূহ পরবর্তী সময়ে পরিবর্তন যোগ্য নয়।

বি: দ্র: ভর্তি কার্যক্রমে তা'মীরুল মিল্লাত কেন্দ্রীয় ছাত্রসংসদ (টাকসু) প্রয়োজনীয় সকল সহায়তা দিবে।

২৮/০৮/২০২৫

# তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসা

গাজীপুরা, এরশাদনগর, টুঙ্গী, গাজীপুর-১৭১২।

EIIN: 109006 | কেন্দ্র কোড :১ ৩ ০ | মাদ্রাসা কোড : ১ ১ ২ ৪ ৬ | Hotline : 09617880099

---

## আলিম অনলাইন ভর্তি নির্দেশিকা


**(১)** যে কোনো ওয়েব ব্রাউজার দিয়ে তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসার ওয়েবসাইট www.tmt.edu.bd তে প্রবেশ করে "**Online Admission**" মেনুতে ক্লিক করে এরপর "**Alim Online Admission-2025-26**" লিঙ্কে ক্লিক করুন।





**(২)** অনলাইন আবেদন ফর্মে দাখিল/এস.এস.সি বোর্ড এবং রোল নম্বর দিয়ে "**Check Eligibility**" বাটনে ক্লিক করুন।




**(৩)** আপনি যদি এই কলেজে ভর্তির জন্য মনোনীত (eligible) হয়ে থাকেন, তাহলে আপনার শিক্ষার্থী অ্যাকাউন্ট তৈরি করার জন্য অনুরোধ করা হবে। আপনার মোবাইল নম্বর দেখানো হবে সেটি সচল থাকলে "**Send SMS for ID & Password**" বাটনে ক্লিক করুন। চাইলে নতুন ফোন নম্বর ও সেট করতে পারবেন।





**(৪)** আপনার শিক্ষার্থী অ্যাকাউন্ট তৈরি হয়ে যাবে এবং অ্যাকাউন্টে প্রবেশের জন্য আইডি-পাসওয়ার্ড আপনার প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে চলে যাবে।




**(৫)** এবার “**Log in to your applicant account**” বাটনে ক্লিক করে লগইন পেইজে চলে যান। সেখানে এসএমএসের মাধ্যমে পাওয়া আইডি ও পাসওয়ার্ড প্রবেশ করিয়ে লগইন বাটনে ক্লিক করুন।





**(৬)** লগইন করার পর ভর্তি ফি পরিশোধ করার জন্য “**Pay Now**” বাটনে ক্লিক করুন।



(৭) আপনার সুবিধামত বিকাশ-রকেট ইত্যাদি মোবাইল ব্যাংকিং কিংবা ক্রেডিট/ডেবিট কার্ড - যে মাধ্যমে ফী পরিশোধ করতে চান তা সিলেক্ট করে নিচের “PAY” বাটনে ক্লিক করুন।





(৮) ফী পরিশোধ সম্পন্ন হলে আপনি অনলাইন আবেদনপত্রটি দেখতে পাবেন। “Subjects” সেকশন থেকে বিভাগীয় নৈবাচনিক ও অতিরিক্ত বিষয় পছন্দ করুন। লাল তারকা (*) চিহ্নিত তথ্যগুলো অবশ্যই পূরণ করতে হবে।



(৯) চাইলে একবারে সম্পূর্ণ আবেদনপত্রটি পূরণ না করে ড্রাফট আকারে আবেদনপত্রটি সেইভ করে রাখতে পারবেন। তাতে পরবর্তীতে আবারও আবেদনপত্রটি সম্পাদনা/পূরণ করতে পারবেন। ড্রাফট আকারে সেইভ করার জন্য “**Save Draft**” বাটনে ক্লিক করতে হবে।

আবেদনপত্রটি সঠিকভাবে সম্পূর্ণরূপে পূরণ করার পর ভালো করে রিভিউ করে “**Submit**” বাটনে ক্লিক করুন। জ্ঞাতব্য – আবেদনপত্র সাবমিট হয়ে যাওয়ার পর আর সম্পাদনা করা যাবে না।




(১০) আবেদনপত্র সাবমিট করার পর ফী পরিশোধ রশিদ ডাউনলোড করার অপশন আসবে।




**ভর্তি সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে 09617880099 নম্বরে অথবা সরাসরি অফিসে (সকাল ০৭:০০ হতে সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**